| Centre Number | | | | | | Candidate Number | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Surname | | | | | | | | | | |
| Other Names | | | | | | | | | | |
| Candidate Signature | | | | | | | | | | |

| For Examiner's Use | |
|---|---|
| Examiner's Initials | |
| Section | Mark |
| 1 | |
| 2 | |
| 3 | |
| TOTAL | |

General Certificate of Education
Advanced Subsidiary Examination
June 2009

# Bengali BENG1

## Unit 1 Reading and Writing

**Thursday 14 May 2009 9.00 am to 11.30 am**

**For this paper you must have:**
- the text for Section 1 on an insert (enclosed).

**Time allowed**
- 2 hours 30 minutes

**Instructions**
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Answers written in margins or on blank pages will not be marked.
- Do all rough work in this book. Cross through any work you do not want to be marked.

**Information**
- The marks for questions are shown in brackets.
- The maximum mark for this paper is 100.
- You must **not** use a dictionary.
- You should note that the quality of your written language in both Bengali and English will be taken into account when awarding marks.
- If you need extra paper, use the Additional Answer Sheets.
- This unit is divided into three sections.
  Section 1 45 marks
  Section 2 10 marks
  Section 3 45 marks

Areas outside the box will not be scanned for marking

# ১ বিভাগ

১. নিচের প্রশ্নগুলির উত্তর দাও। উত্তর দেওয়ার সময় "ওগো বিদেশিনী" লেখাটির কোনো অংশ হুবহু উদ্ধৃত করবে না।

ক. একাকীত্ব কাটানোর জন্যে সুমন কি কি করে? **দুটি** বিষয় লেখো।

..........................................................................................................

..........................................................................................................

*(2 marks)*

খ. সুমন কি রকম পরিবেশে বড়ো হয়েছে? দুটি বিষয় লেখো।

..........................................................................................................

..........................................................................................................

*(2 marks)*

গ. সুমন কেন মায়ের বকা খেতো? দুটি বিষয় লেখো।

..........................................................................................................

..........................................................................................................

*(2 marks)*

ঘ. নতুন জীবন তার কাছে কেমন লাগছে?

..........................................................................................................

*(1 mark)*

ঙ. সুমন হস্টেলে যে-ঘরটায় থাকে, তার বর্ণনা দাও। দুটি বিষয় লেখো।

..........................................................................................................

..........................................................................................................

*(2 marks)*

Areas outside the box will not be scanned for marking

চ. ট্যালেন্ট শো-তে কি কি ছিলো? তিনটি বিষয় লেখো।

.....................................................................................................................................

.....................................................................................................................................

.....................................................................................................................................

*(3 marks)*

ছ. স্টেজে ওঠার আগে সুমনের আচরণ কেমন ছিলো? দুটি বিষয় লেখো।

.....................................................................................................................................

.....................................................................................................................................

*(2 marks)*

জ. সুমনের মন কেন চঞ্চল হলো?

.....................................................................................................................................

*(1 mark)*

15

**Turn over for the next question**

Areas outside the box will not be scanned for marking

২. "ওগো বিদেশিনী" লেখাটির শেষ অনুচ্ছেদে লাবণি ও তার পরিবার সম্পর্কে যা কিছু উল্লেখ করা হয়েছে, সে বিষয়ে পাঁচটি বাক্য লেখো। ("ওগো বিদেশিনী" লেখা থেকে হুবহু লিখলে চলবে না।)

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

*(5 marks)*

5

৩. "ওগো বিদেশিনী" লেখাটির তথ্য অনুযায়ী নিচের বাক্যগুলি সত্য, মিথ্যা, নাকি এই লেখায় এসব বাক্যের কোনো উল্লেখ নেই? ঠিক ঘরে টিক (✓) দাও।

| | বাক্য | সত্য | উল্লেখ নেই | মিথ্যা |
|---|---|---|---|---|
| ক. | বাঙালির ছেলে হলেও সুমন মনে প্রাণে অ-বাঙালি। | | | |
| খ. | সুমন কিছু দিন আগে ঢাকা থেকে এসেছে। | | | |
| গ. | কলেজে যাওয়ার আগে সে গোসল করলো। | | | |
| ঘ. | স্টেজে ওঠার আগে সুমনের হাতে ছিলো একটা গানের বই। | | | |
| ঙ. | সুমন সবচেয়ে অবাক হলো মেয়েটির গান শুনে। | | | |

*(5 marks)*

5

Areas outside the box will not be scanned for marking

৪. নিচের এলোমেলো শব্দগুলি ঠিকমতো সাজিয়ে বাক্যগুলি সম্পূর্ণ করো।

ক) এসেছে থেকে বাংলাদেশ ছাত্র বেশ কিছু।

.......................................................................................................................

*(1 mark)*

খ) কাণ্ড কি যে হতো মা দেখলে।

.......................................................................................................................

*(1 mark)*

গ) গেলো মধ্যেই কিছুক্ষণের ভরে অডিটরিয়ম লোকজনে।

.......................................................................................................................

*(1 mark)*

ঘ) নাম হলো মাইকে ডাকা সুমনের।

.......................................................................................................................

*(1 mark)*

ঙ) পারে সে কিন্তু না গাইতে।

.......................................................................................................................

*(1 mark)*

5

**Turn over for the next question**

Areas outside the box will not be scanned for marking

৫. নিচে প্রতিটি প্রশ্নের তিনটি করে উত্তর দেওয়া আছে। "ওগো বিদেশিনী" লেখাটির তথ্য অনুযায়ী ঠিক উত্তরটির নম্বর ডান দিকের বাক্সে লেখো।

ক. কি রকম খাবার সুমনের প্রিয়?

| | |
|---|---|
| ১ | ভাত আর গরম চা |
| ২ | তাজা মাছ আর গরম ভাত |
| ৩ | ফাস্ট ফূড আর গরম চা |

(1 mark)

খ. সুমন গোসল সারতে চাইলো কারণ

| | |
|---|---|
| ১ | ঘর গোছাবে |
| ২ | বন্ধুদের সঙ্গে আড্ডা দেবে |
| ৩ | কলেজে যাবে |

(1 mark)

গ. ট্যালেন্ট শো হবে

| | |
|---|---|
| ১ | রবীন্দ্রনাথের কবিতা আবৃত্তির জন্যে |
| ২ | নবাগত ছাত্রছাত্রীদের জন্যে |
| ৩ | বাংলা ভাষা চর্চার জন্যে |

(1 mark)

ঘ. সুমন অডিটরিয়মে ঢুকলো

| | |
|---|---|
| ১ | অনুষ্ঠান শুরু হওয়ার আগে |
| ২ | অনুষ্ঠান শুরু হওয়ার পরে |
| ৩ | অনুষ্ঠান শেষ হওয়ার পরে |

(1 mark)

Areas outside the box will not be scanned for marking

ঙ. লাবণিকে দেখে সুমন অবাক হলো কেন?

| | |
|---|---|
| ১ | ওর সোনালি চুলের জন্যে |
| ২ | ওর বাঙালি পোশাকের জন্যে |
| ৩ | ওর মুখে পরিষ্কার বাংলা শুনে |

*(1 mark)*

5

*Knowledge of Grammar: 10 marks*

35 + 10 = 45

**Turn over for Section 2**

Areas outside the box will not be scanned for marking

# ২ বিভাগ

৬. নিচের লেখাটি ইংরেজিতে অনুবাদ করো।

২১ শে মে ২০০৯
ডেভন

প্রিয় পলা,

তোমাকে এই ই-মেইল পাঠাচ্ছি বিশেষ একটি কারণে। আমার বাবা হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন। এখন তাঁর কাজকর্ম আমাকেই দেখতে হচ্ছে। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। ডাক্তার বাবাকে দীর্ঘ দিন বিশ্রাম নিতে বলেছেন। তাই এখন আমার লন্ডনে যাওয়া হবে না। আমার খুব ইচ্ছা ছিলো লন্ডনে যাবো। আরও লেখাপড়া করবো। কিন্তু আমার সে ইচ্ছা এবারে পূরণ হলো না। তুমি তো জানো আমরা উত্তর ওয়েলসের একটি এলাকায় থাকি। বেশ বড়ো পরিবার আমাদের। বাবা রেস্টুরেন্টের ব্যবসা করতেন। কিন্তু আশেপাশে বাঙালি বেশি নেই। বাবার আয়ও অনেক কমে গেছে। তাই লেখাপড়ার সঙ্গে সঙ্গে একটি পার্ট-টাইম কাজও খুঁজছি। এতে আমার লেখাপড়ার খরচ মেটাতে পারবো। বাবাকেও মাঝেমধ্যে সাহায্য করতে পারবো। কিন্তু এখানে চাকরি পাওয়া বেশ কষ্টকর। লন্ডনের মতো বড়ো শহরের সুযোগসুবিধা এখানে নেই। উত্তর দিও ।

ইতি

রিয়াজ

*(10 marks)*

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

Areas outside the box will not be scanned for marking

10

Turn over ▶

Areas outside the box will not be scanned for marking

## ৩ বিভাগ


৭. ব্রিটেনের প্রতি পাঁচজনের মধ্যে একজন মোটা হয়ে গেছে। ওজন কমিয়ে রাখার জন্যে তুমি একটি স্বাস্থ্য বিষয়ক পত্রিকায় (হেল্‌থ্ ম্যাগাজিনে) নিচের হেল্‌থ টিপসগুলো দেখছো। ওজন কমানোর গুরুত্ব কতোটুকু এ সম্পর্কে অন্তত ২০০ শব্দে তোমার মতামত লেখো।

### স্বাস্থ্য পরিচর্যা - হেল্‌থ টিপস!

- ঠিক সময়ে ও পরিমাণমতো খাওয়ার অভ্যাস গড়ে তুলুন
- খাবারের তালিকায় ফলমূল ও শাক-সবজি বাড়ান
- ফাস্টফূড খাওয়া সম্পূর্ণরূপে বাদ দিন
- যথেষ্ট পানীয় পান করুন

- রাতে খাওয়ার দু ঘণ্টা পরে ঘুমানোর অভ্যাস করুন
- মেদ বা চর্বি কমানোর জন্যে ফিটনেস ক্লাবে যোগ দিন
- রোজ খোলা জায়গায় হাঁটুন / খেলাধুলা করুন
- অকারণে দুশ্চিন্তা না করে প্রাণ খুলে হাসুন








*(45 marks)*

Areas outside the box will not be scanned for marking

Turn over ▶

Areas outside the box will not be scanned for marking

45

**END OF QUESTIONS**

Copyright © 2009 AQA and its licensors. All rights reserved.

General Certificate of Education
Advanced Subsidiary Examination
June 2009

# Bengali BENG1

**Unit 1 Reading and Writing**

# Insert

**Text to be used when answering Section 1**

Text for use with **Section 1**

## ওগো বিদেশিনী

সুমন সদ্য দেশ থেকে এসেছে। হস্টেলে উঠেছে। ঘর আর বারান্দার মধ্যে পায়চারি করছে। কম্পিউটারে গেইম খেলছে আর কবিতার বই পড়ছে। তবু তার একা লাগছে। এই কয়েক দিনের নির্জনতায় সে যেন হাঁপিয়ে উঠেছে। বড়ো লোকের একমাত্র ছেলে সুমন। বিলাসিতার মধ্যে স্বাধীনভাবে বড়ো হয়েছে। প্রায়ই স্কুলের লেখাপড়ায় অবহেলা করে সে বন্ধু-বান্ধবের সঙ্গে আড্ডা দিতো। কখনো কখনো অযথা টাকাপয়সা ব্যয় করতো। মা তাতে বকাবকি করতেন। এই নতুন জীবনে তাই সে একেবারেই অভ্যস্ত নয়। তবে সুমন মনে-প্রাণে বাঙালি। ভাত তার বিশেষ পছন্দ। বিশেষ করে মায়ের হাতের রান্না তাজা মাছের ঝোল আর গরম ভাতের স্বাদ!

সুমন ভাবলো গোসলটা সেরে এক কাপ চা খেয়ে তারপরেই কলেজে যাবে। তাড়াতাড়ি বাথরুমে ঢুকলো। দরজাটা লাগানোর আগে নিজের ঘরটার দিকে তাকালো। অগোছালো বিছানা। টেবিলে এলোমেলো বই। মেঝেতে এখানে ওখানে ছড়ানো ছিটানো জামাকাপড়। ঘরের দিকে তাকিয়ে সুমন লজ্জা পেলো। মা দেখলে কী যে কাণ্ড হতো!

কলেজের পয়লা দিন। সন্ধ্যায় কলেজ অডিটরিয়ামে নবাগতদের জন্যে ট্যালেন্ট শো হবে। সারাদিন লেগে গেলো রেজিস্ট্রেশনের কাজ সারতে। অনুষ্ঠান শুরু হওয়ার কিছুক্ষণ আগেই সুমন অডিটরিয়ামে ঢুকে এক কোণে বসে পড়লো। হাতে ধরা রবীন্দ্রনাথের কবিতার বই “বলাকা”। কিছুক্ষণের মধ্যেই অডিটরিয়ামে লোকজনে ভরে গেলো। শো শুরু হয়ে গেলো। ছাত্রছাত্রীরা নিজ নিজ দেশী প্রথায় নাচ, গান, অভিনয় ও কৌতুক করছে। হঠাৎ মাইক্রোফোনে সুমনের নাম ঘোষণা করা হলো। সুমন ঘাবড়ে গেলো। সে অপ্রস্তুত হয়ে স্টেজের দিকে এগিয়ে গেলো। মাইকের সামনে দাঁড়িয়ে ভাবতে লাগলো কি করবে। হঠাৎ তার চোখ আটকে গেলো সামনের সারিতে বসা একটি মেয়েকে দেখে। সুন্দর চেহারার এক ইংরেজ তরুণী। সোনালি চুল। চেহারায় ইংরেজ হলেও মেয়েটির পরনে রয়েছে রুচিসম্মত বাঙালি পোশাক। সুমনের কাব্যিক মন চঞ্চল হলো। অজান্তেই গুন গুনিয়ে উঠলো, “আমি চিনি গো চিনি তোমারে, ও গো বিদেশিনী!”

অনুষ্ঠানের শেষে সুমন ভিড় ঠেলে এগুচ্ছে। হঠাৎ কানে ভেসে এলো মেয়েলি স্বর, “এই যে, শুনছেন?” ঘাড় ফেরাতেই দেখতে পেলো, সেই সোনালি চুলের মেয়েটি। “আমার নাম লাবণি, আপনার গান আমার খুব ভালো লেগেছে।” সুমন আরও অবাক হলো পরিষ্কার বাংলায় ওর কথা শুনে। কথায় কথায় সে জেনে নিলো, লাবণির বাবা ইংরেজ আর মা বাঙালি। ছেলেবেলা থেকেই সে মায়ের অনুপ্রেরণায় বাঙালি সংস্কৃতি ও ভাষা চর্চা করে আসছে। অবসর পেলে বাংলা বই পড়ে। রবীন্দ্রনাথ ও নজরুলের বেশ কিছু কবিতাও তার মুখস্থ। বাংলা গান শুনতে তার খুব ভালো লাগে। কিন্তু সে গাইতে পারে না। রান্না করা তার প্রিয় শখ। বিশেষ করে ইলিশ-খিচুড়ি রান্না করা তার পছন্দ।

Copyright © 2009 AQA and its licensors. All rights reserved.